

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

এগিয়ে যাচ্ছে



بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৫ বৈশাখ ১৪২৪
২৮ এপ্রিল ২০১৭

বাণী

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর দুই বছর পূর্তিতে 'সাফল্যের ২ বছর' শিরোনামে একটি ক্রোড়পত্র প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি সিটি কর্পোরেশনের মেয়র, কাউন্সিলরগণসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠালগ্ন থেকে এ সিটি কর্পোরেশন নগরবাসীর নাগরিক সেবা নিশ্চিত করার ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ অবদান রেখে চলেছে। বর্তমান মেয়রের আন্তরিকতা ও সমন্বয়যোগী পদক্ষেপের ফলে গত ২ বছরে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নাগরিকদের জীবনে ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে।

একটি আদর্শ মহানগরী গড়ে তুলতে সৃষ্টি ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতার বিকল্প নেই। সিটি কর্পোরেশন ২০১৬ সালকে পরিচ্ছন্ন বছর ঘোষণার মধ্যদিয়ে ঢাকা মহানগরীকে পরিচ্ছন্ন ও তিলোত্তমা ঢাকায় পরিণত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ফলে রাস্তায় স্থাপনা, আবাসগৃহ ও জনসাধারণের চলাচলের স্থান পরিচ্ছন্ন ও সুগম হচ্ছে। সিটি কর্পোরেশনবাসীও তাদের কাজিকত সেবা পাচ্ছেন।

আমি আশাকরি, বর্জ্য ব্যবস্থাপনা, পয়ঃনিষ্কাশন, নগরীর সৌন্দর্যবর্ধন, বৃক্ষরোপণ, উন্মুক্ত উদ্যানের ব্যবস্থা, যানজট ও জলাবদ্ধতা নিরসনসহ প্রতিটি ক্ষেত্রে আরও নাগরিক সুবিধা নিশ্চিত করতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নতুন নতুন কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়ন করবে।

সরকারের আধুনিক, পরিবেশবান্ধব ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অন্যতম উন্নয়ন অংশীদার হবে-এ আমার প্রত্যাশা।

আমি এ প্রকাশনার সার্বিক সাফল্য ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।
শেখ হাসিনা
শেখ হাসিনা

